যুগান্তর

13 JAN 2017

# ক্ষমতা টিকিয়ে রাখতে পাঠ্যবই সাজানো হয়েছে

— সিরাজুল ইসলাম চৌধুরী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ক্ষমতা টিকিয়ে রাখার কৌশল হিসেবে পরিকল্পিতভাবে পাঠ্যবই সাজানো হয়েছে
বলে মন্তব্য করেছেন ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। বৃহস্পতিবার
বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসির মুনীর চৌধুরী সেমিনার কক্ষে 'পাঠ্যপুস্তক
কেলেংকারি ও বাংলাদেশের ভবিষ্যৎ' শীর্ষক এক মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য
করেন। বাংলাদেশ ছাত্র ফেডারেশন সভার আয়োজন করে।
সংগঠনের সভাপতি সৈকত মল্লিকের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক
আশরাফুল আলম সোহেলের সঞ্চালনায় সভায় অন্যদের মধ্যে ঢাবির আন্তর্জাতিক
সম্পর্ক বিভাগের শিক্ষক তানজীম উদ্দীন খান, গণসংহতি আন্দোলনের কেন্দ্রীয়
রাজনৈতিক পরিষদের সদস্য আবুল হাসান রুবেল, প্রাথমিক শিক্ষা গবেষক
দিলশানা পারুল, লেখক-গবেষক সাখাওয়াত টিপু, সংহতি প্রকাশনের প্রধান
নির্বাহী দীপক রায়, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক স্নেহাদ্রি চক্রবর্তী
রিন্টু, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক জিএম জিলানী শুভ প্রমুখ
বক্তব্য দেন।

সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, -আমাদের সময়ে- আমরা শিখতাম ক্লাসরুমে,
যেতাম লাইব্রেরিতে ও সময় কাটাতাম ছাত্র সংসদে। কিন্তু বর্তমান পুঁজিবাদী
বাংলাদেশে শিক্ষার্থীদের মানস কাঠামো খুব সুকৌশলে গড়ে তোলা হচ্ছে
ক্ষমতাকে অক্ষুণ্ন রাখার জন্য। তানজীম উদ্দীন খান বলেন, জাতীয় সংসদে যে
ভাষায় মন্ত্রী-এমপিরা রসিকতা করেন, পাঠ্যপুস্তকে সে আলোচনাই হয়েছে। এটি
একটি পরিকল্পিত ভুল। আমাদের রাষ্ট্র একটা মুখস্থ প্রজন্ম চায়। এ অবস্থা ভাঙতে
হলে একটা শিশু উপযোগী শিক্ষানীতি তৈরির সংগ্রাম শুরু করতে হবে।